

বিশ্বভারতী
বিশ্বভারতী
VISVA-BHARATI



সম্পত্তি আধিকারিকের কার্যালয়



স্মারক সংখ্যাঃ এস্টেট/১৯৬/৮৬/২০২৫-২৬

তারিখ:- ০২/০৫/২০২৫

বিশেষ সতর্কীকরণ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বোলপুর, বাঁধগোড়া, তালতোড়, শ্যামবাটি, মধুসূদনপুর, সুরুল, বয়রাডিহি ইত্যাদি মৌজাভুক্ত বিশ্বভারতীর জমি/ সম্পত্তি ও তদ-সংলগ্ন/ সম্মুখস্থ রাস্তাসমূহে, সীমানা প্রাচীর ইত্যাদি স্থানে যে সব অননুমোদিত বিজ্ঞাপনী ফ্লেক্স, ফেস্টুন, সাইনবোর্ড, পোস্টার ইত্যাদি লাগানো আছে সে গুলি খুলে ফেলার জন্য অতি শীঘ্র বিশ্বভারতী কর্তৃপক্ষ উপযুক্ত ব্যবস্থা নেবেন। এই বিজ্ঞপ্তি প্রকাশের তিন দিনের মধ্যে এই সমস্ত ফেস্টুন, সাইনবোর্ড, বিজ্ঞাপনী পোস্টার ইত্যাদি সরিয়ে ফেলা না হলে এগুলো জোর পূর্বক খুলে ফেলা হবে এবং পাবলিক প্রেমিসেস অ্যাক্ট, ১৯৭১ এর প্রযোজ্য ধারাসমূহ অনুসারে অন্যান্য আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। বিশেষতঃ বে-আইনী ফেস্টুন, সাইনবোর্ড, বিজ্ঞাপনী পোস্টার ইত্যাদি খোলা এবং অপসারণের সমস্ত খরচ সংশ্লিষ্ট মালিকের নিকট আদায় করা হতে পারে।

০২/০৫/২০২৫

যুগ্ম কর্মসচিব (সম্পত্তি), বিশ্বভারতী

এবং

জনসম্পত্তি (বে- আইনী দখলদার উচ্ছেদ) আইন,
১৯৭১ অনুসারে ক্ষমতাপ্রাপ্ত সম্পত্তি আধিকারিক

Joint Registrar

Visva-Bharati

&

Estate Officer

Appointed under the Public Premises
(Eviction of Unauthorized Occupants) Act, 1971

প্রতিলিপি:

- ১। মুখ্য নিরাপত্তা আধিকারিক, বিশ্বভারতী
- ২। উপাচার্য মহাশয়ের একান্ত সচিব, বিশ্বভারতী
- ৩। মহকুমা আরক্ষ্য আধিকারিক, বোলপুর
- ৪। আই সি, বোলপুর থানা
- ৫। ওসি, শান্তিনিকেতন থানা
- ৬। কর্মসচিব মহাশয়ের ব্যক্তিগত সহায়ক, বিশ্বভারতী
- ৭। জনসংযোগ আধিকারিক, বিশ্বভারতী
- ৮। পোস্ট মাস্টার, শান্তিনিকেতন ডাকঘর
- ৯। উপ কর্মসচিব, প্রশাসনিক বিভাগ